

দৈনিক সুসংবাদ

জীবিত ভূয়া পরীক্ষার্থীর সাথে শিক্ষকের যোগসাজশের প্রমাণ মিলেছে

জাবি সংবাদদাতা

ভর্তি পরীক্ষার ভূয়া পরীক্ষার্থীর সাথে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের শিক্ষক প্রফেসর মোঃ আব্দুল্লাহেল বাকীর যোগসাজশের প্রমাণ মিলেছে। গত ৩০ নভেম্বর থেকে ১২ ডিসেম্বর পর্যন্ত ২০০৫-২০০৬ সেশনের ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগের ভর্তি পরীক্ষার সময় এক ভূয়া পরীক্ষার্থী হাতেনাতে ধরা পড়লেও তাকে ছেড়ে দেন আব্দুল্লাহেল বাকী। আব্দুল্লাহেল বাকীর ঘনিষ্ঠ আত্মীয় জনৈক ছাত্রকে অবৈধ উপায়ে ভর্তি করানোর জন্য প্রথম শিফটের বিসেটের বাতাস দিয়ে পরীক্ষা গ্রহণ করানো হয় শেষ শিফটে। বাতাস আব্দুল্লাহেল বাকীর হাকর থাকায় বিষয়টি নিশ্চিত হওয়ার পর ওই ছাত্রকে আটক করেন কর্তব্যরত শিক্ষক ড. মফিজুল কবির। বিষয়টি হাতেনাতে ধরা

পড়লেও ভূয়া পরীক্ষার্থীকে নিজের ভাগ্যে বলে ছেড়ে দেন জনাব বাকী। ওই ভূয়া পরীক্ষার্থীর অবৈধভাবে ভর্তির পুরো প্রক্রিয়ার সাথে যোগসাজশ রয়েছে প্রফেসর আব্দুল্লাহেল বাকীর। সুত্রে জানা যায়, ভূয়া পরীক্ষার্থীর বাতাস প্রফেসর আব্দুল্লাহেল বাকীর হাকর থাকলেও উক্ত পরীক্ষার্থী যে ক্রমে পরীক্ষা দিচ্ছিল সেই ক্রমে দায়িত্বরত ছিলেন অন্য একজন শিক্ষক। তাছাড়া পরীক্ষার্থীর রোল অনুসারে তার সিট বিন্যাস গণিত ও পরিসংখ্যান ভবনে থাকলেও সে পরীক্ষা দেয় প্রাণিবিদ্যা বিভাগের তার কক্ষে। জনাব বাকী ওই পরীক্ষার্থীকে প্রবেশপত্রসহ ছেড়ে দিলে তার নাম জানা যায়নি। জনাব বাকী স্বীকার করেন যে, ওই পরীক্ষার্থী তার ভাগ্যে। বিশ্ববিদ্যালয় প্রশাসন জানায়, বিষয়টি তদন্ত করা হচ্ছে।